



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

স্মারক নং-বিবিধ/কলেজ/২০২০/১০৬৫

তারিখ : ১৪/০৫/২০২৩

জরুরি বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে যে সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন করেছে কিন্তু কোন কলেজে ভর্তি হতে পারেনি সে সকল শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্নকরণের লক্ষ্যে (eSIF) পূরণ প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষার্থী, অভিভাবক এবং প্রতিষ্ঠান প্রধানগণের আবেদনের প্রেক্ষিতে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে যে সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন করেছে কিন্তু কোন কলেজে ভর্তি হতে পারেনি সে সকল শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্ন করার লক্ষ্যে আগামী ১৫/০৫/২০২৩ তারিখ হতে ২৫/০৫/২০২৩ তারিখ পর্যন্ত অনলাইনে শিক্ষার্থীদের ছবিসহ eSIF (Electronic Student Information Form) পূরণ করার জন্য অনুরোধ করা হলো।

রেজিস্ট্রেশন পদ্ধতিঃ

ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.dhakaeducationboard.gov.bd) এ OEMS বাটনে ক্লিক করে কলেজের ইআইআইএন ও পাসওয়ার্ড দিয়ে লগইন করতে হবে। অতঃপর Student List (HSC 2022-23) মেন্যুতে প্রবেশ করে Create Student বাটনে ক্লিক করে (নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে) নতুন শিক্ষার্থীর রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

*** প্রসঙ্গত উল্লেখ্য যে, উল্লিখিত সময়ের মধ্যেই রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে অন্যথায় উদ্ধৃত কোন জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

চেয়ারম্যানের আদেশক্রমে

প্রফেসর আবু তালেব মোঃ মোয়াজ্জেম হোসেন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন : ৫৮৬১২৪৭৬

অধ্যক্ষ/প্রধান শিক্ষক,
অত্র বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও কলেজ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল:

- ১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। অফিস কপি।